মোদী সরকারের ৯ বছর পূর্তিতে ৯ প্রশ্নে আক্রমণ শানাল কংগ্রেস

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: ৯ সাল ৯ সওয়াল। মোদী সরকারের বর্ষপূর্তিতে ৯টি সওয়াল করে তীব্র আক্রমণ শানাল কংগ্রেস। ২০১৪ থেকে ২০২৩। শুক্রবার ৯ বছর পূর্ণ হল নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বিজেপি সরকারের। আর সেই উপলক্ষেই নতুন করে পদ্ম শিবিরকে আক্রমণ করল হাত শিবির।কংগ্রেসের দাবি, মোদী সরকারের সময়কাল শুধুই ব্যর্থতা ও দুর্দশায় ভরা। আর সেই সঙ্গেই মোদী সরকারকে উদ্দেশ্য করে পেশ করল ৯টি প্রশ্ন। যাকে হাত শিবিরের তরফে বলা হচ্ছে '৯ সাল ৯ সওয়াল'। বর্ষীয়ান কংগ্রেস নেতা ও দলের প্রচার বিভাগের প্রধান জয়রাম রমেশ সেই সংক্রান্ত একটি প্রশ্নমালাও এদিন প্রকাশ করেছেন। সেখানে বেকারত্ব থেকে জিএসটি, নানা বিষয়ে প্রশ্ন করা হয়েছে মোদী সরকারকে।

এছাড়া, এদিন সকালে লাগাতার ট্যুইট করেও আক্রমণ শানিয়েছে কংগ্রেস। ঠিক কী খোঁচা দিয়েছে হাত শিবির। একটি পোস্টে লেখা হয়েছে, 'আজ মোদী সরকার ৯ বছর পূর্ণ করল। এটা আসলে ৯ বছরের ব্যর্থতা। দেশের কাছে ৯ বছরের দুর্দশা। এই ৯ বছরে মানুষকে সহ্য করতে হয়েছে মূল্যবৃদ্ধি, বেকারত্ব ও স্বৈরতান্ত্রিক সিদ্ধান্ত। এই মোদী সরকার জুমলা করে সরকারে এসেছিল। একটি প্রতিশ্রুতিও পালন করেনি। কেবল তারিখের পর তারিখ দিয়ে গেছে।'

কেউ পোস্টে ২০২২ সালের মধ্যে কৃষকদের উপার্জন দ্বিগুণ করার প্রতিশ্রুতি নিয়ে খোঁচা দিয়েছেন। সবাইকে ওই সময়ের মধ্যেই বাড়ি দেওয়ার আশ্বাস কোথায় গেল বলেও কেউ ট্যুইট করেছেন। কালো টাকা ফিরিয়ে ১৫ লাখ টাকা দেওয়ার প্রতিশ্রুতি, বার্ষিক ২ কোটি চাকরির প্রতিজ্ঞার মতো নানা বিষয় তুলে মোদী সরকারকে তীব্র আক্রমণ করেছে কংগ্রেস।

হাওড়া ডিভিশনে লোকাল বাতিল

সুখবর ব্যুরো, কলকাতা: পূর্ব রেলের হাওড়া ডিভিশনে শেওড়াফুলি-তারকেশ্বর শাখায় কালর্ভাটের ভারসাম্য বজায় রাখতে অতিরিক্ত আরসিসি বাক্স স্থাপন করা হবে। এজন্য পূর্ব রেল জানিয়েছে, ২৭ মে শনিবার রাত সাড়ে ১০টা থেকে রবিবার বেলা পৌনে ১টা পর্যন্ত শেওড়াফুলি ও দিয়ারার মধ্যে আপ আর ডাউন লাইনে ১৪ ঘণ্টা ১৫ মিনিট ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। তাই ৪৩টি লোকাল ট্রেন বন্ধ থাকবে। রবিবার ২টি শাট্‌ল ইএমইউ লোকাল চালানো হবে তারকেশ্বর আর সিঙ্গুরের মধ্যে।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ে নজরুল জন্মজয়ন্তীতে গবেষণা কেন্দ্র তৈরির ঘোষণা উপাচার্যর

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : নজরুল জন্মজয়ন্তীতে নজরুল গবেষণা কেন্দ্র তৈরির কথা ঘোষণা করল কল্যাণী বিশ্ববিদ্যালয়। নজরুলের মূর্তিতে মালা দিয়ে উপাচার্য অধ্যাপক মানসকুমার সান্যাল জানান, 'রবীন্দ্রনাথের মতোই নজরুলও বাঙালি মননে অক্ষয় হয়ে আছেন। তাই তাঁকে নিয়ে আরো গবেষণার প্রয়োজন আছে। বাংলা বিভাগে নজরুল গবেষণা কেন্দ্র তৈরি করা হবে।' বাংলা বিভাগে অবস্থিত পুনর্নির্মিত বিভূতিভূষণ সভাকক্ষ ও রবীন্দ্র অধ্যয়ন কেন্দ্রের উদ্বোধন করে তিনি আরো জানান, 'বাংলা বিভাগের জার্নালিজম সার্টিফিকেট কোর্সের সফল ছাত্রছাত্রীরা যাতে আরো

উন্নতমানের ট্রেনিং নিতে পারে আগামী দিনে সেদিকে নজর দেওয়া হবে।' প্রায় ৪০০ ছাত্রছাত্রী ও গবেষকদের সঙ্গে এদিনের অনুষ্ঠানে হাজির ছিলেন অধ্যাপক সাবিত্রী নন্দ চক্রবর্তী, অধ্যাপক সুখেন বিশ্বাস, অধ্যাপক সঞ্জিৎ মণ্ডল, অধ্যাপক প্রবীর প্রামাণিক প্রমুখ। উল্লেখ্য, রুশা অনুমোদিত বাংলা বিভাগের জার্নালিজম সার্টিফিকেট কোর্সের ৭৭জন পড়ুয়া ও রবীন্দ্র অধ্যয়ন কেন্দ্রের ২৮জন পড়ুয়ার হাতে সার্টিফিকেট তুলে দেওয়া হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে অংশগ্রহণকারী ছাত্রছাত্রী এই কর্মমুখী কোর্সের সার্টিফিকেট পেয়ে খুবই উচ্ছ্বসিত। জার্নালিজম কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক সুখেন বিশ্বাস জানান, 'বর্তমানে সাংবাদিকতার প্রচুর সুযোগ রয়েছে। বিভিন্ন গণমাধ্যম যেমন প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়া ও সোশাল মিডিয়ায় ক্রমশই সাংবাদিকদের চাহিদা বাড়ছে। সুতরাং হাতেকলমে যেভাবে ছাত্রছাত্রীদের দক্ষ করা হয়েছে তাতে তারা অনায়াসেই কাজের সুযোগ পাবে।'

নিষিদ্ধ ঘোষণা হতে পারে ইমরানের দল, আভাস পেয়েই শীর্ষ নেতারা একে একে দল ছাড়ছেন

ইসলামাবাদ: নিষিদ্ধ করে দেওয়া হতে পারে ইমরান খানের দল পাক-ই-স্তান তেহরিক-ই- ইনসাফ (পিটিআই)। সরকারের তরফে এই ঘোষণার পরেই ইমরান খানের দল থেকে পদত্যাগ করছেন একের পর এক শীর্ষস্থানীয় নেতা। বুধবারেই পিটিআই শীর্ষ নেতা ফাওয়াদ চৌধুরি দল ছেড়েছেন। পরের দিন অর্থাৎ বৃহস্পতিবারই একসঙ্গে পদত্যাগ করেন আরো ৩ নেতা। তাৎপর্যপূর্ণভাবে, দল ছাড়ার পর সকলেই ৯ মের হিংসার তীব্র প্রতিবাদ করেছেন। প্রসঙ্গত, বুধবারই পাক প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফ ঘোষণা করেন, ইমরানের দল পাক-ই-স্তান তেহরিক-ই-ইনসাফকে নিষিদ্ধ করা হতে পারে।

এই ঘোষণার খানিকক্ষণ পরেই দল ছাড়েন পাক-ই-স্তানের প্রাক্তন মন্ত্রী ফাওয়াদ। ৯ মের হিংসার ঘটনায় তিনিও গ্রেফতার হন। দল ছাড়ার কথা ট্যুইট করে তিনি বলেন, 'গত ৯মের ঘটনার তীব্র নিন্দা করে আগেই বিবৃতি দিয়েছি। তবে এবার আমি রাজনীতি থেকে বিরতি নিতে চাই। দলের সব পদ থেকে সরে দাঁড়াচ্ছি। ইমরান খানের সঙ্গেও আর পথ চলা হবে না।'

প্রায় একই সময়ে ইস্তফা দেন ইমরানের মন্ত্রিসভার শিরিন মাজারিও। তিনিও একইভাবে পিটিআই সমর্থকদের আচরণের প্রতিবাদ করেন। যদিও শিরিন বলেন, পারিবারিক কারণেই রাজনীতি ছাড়ছেন তিনি।

এই ঘটনার পরের দিনই একসঙ্গে দল ছাড়েন পিটিআইয়ের তিন নেতা-নেত্রী। গ্রেফতারির পর জামিন পেয়েই সাংবাদিক সম্মেলনে মালিকা বোখারি বলেন, 'পাক-ই-স্তানি হিসাবে ৯মের ঘটনা মেনে নেওয়া যায় না। আপাতত রাজনীতি ছেড়ে দেব। আইনজীবী হিসাবে সদর্থক ভূমিকা পালন করতে চাই। সেই সঙ্গে পরিবারকেও সময় দেব।' একই দিনে দল ছাড়েন সস্ত্রীক ওমর সরফরাজ চিমাও। তিনি সাফ জানিয়ে দেন, কর্মীরা যদি হিংসাত্মক হয় তার দায় নিতে হবে দলকেই।

ইমরান খানের গ্রেফতারির পর থেকেই দেশটিতে কার্যত গৃহযুদ্ধের পরিস্থিতি তৈরি হয়েছে। তাঁর দল পিটিআইকে নিষিদ্ধ করার ষড়যন্ত্র করা হচ্ছে বলেও দাবি করেছেন প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান। সম্প্রতি নিজের ট্যুইটার হ্যান্ডেলে ইমরান লেখেন, 'প্রায় ৭ হাজার পিটিআই সমর্থককে গ্রেফতার করা হয়েছে। হিংসার নেপথ্যে কে বা কারা রয়েছে তা তদন্ত না করেই আমাদের সমর্থক, নেতৃত্ব আর মহিলাদের জেলে ঢোকানো হয়েছে।' নিষিদ্ধ হওয়ার আগেই যেভাবে পদত্যাগ করছেন পিটিআই নেতারা, তার জেরে প্রশ্ন উঠছে ইমরানের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়েই। **—সংবাদ সংস্থা**

সেন্ট্রাল ভিস্তা উদ্বোধনের দিন যত এগোচ্ছে তত পাল্লা ভারী হচ্ছে কেন্দ্রে শাসকদলের

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি : উদ্বোধনের দিন যত এগিয়ে আসছে ততই অনুষ্ঠানে যোগ দেওয়ার দলের সংখ্যা বাড়ছে। বিজেপি কোন কোন দল অনুষ্ঠানে যোগ দেবে তা প্রকাশ না করলেও সূত্রের খবর ছোটো বড়ো ২৫টি দল সঙ্গে আছে শাসকদলের। শুক্রবার লোক জনশক্তি পার্টির প্রধান ও রামবিলাস পাসওয়ানের ছেলে সাংসদ চিরাগ পাসওয়ান চিঠি লিখে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, নতুন সংসদ ভবন উদ্বোধনের দিন তাঁর দল হাজির থাকবে। যে ২০টি দল বয়কটের সিদ্ধান্ত নিয়েছে তাদের নিন্দা করেছেন চিরাগ পাসওয়ান। পাশাপাশি কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা জনতা দল সেকুলার নেতা কুমারস্বামী কংগ্রেসের দ্বিচারিতার কথা বলে উল্লেখ করেন। তিনি বলেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে আমন্ত্রণ জানানোর বিষয়টিকে অজুহাত করে নতুন সংসদ ভবন উদ্বোধন বয়কট আসলে কংগ্রেসের দ্বিচারিতার উদাহরণ। তিনি বলেন, মাননীয় রাষ্ট্রপতির আদিবাসী পরিচয়কে হাতিয়ার করে রাজনীতি করার চেষ্টা চালাচ্ছে কংগ্রেস-সহ কিছু বিরোধী দল।

২০০৫ সালে কর্নাটকের বিধানসভা ভবনের শিলান্যাস করেছিলেন কংগ্রেসের তৎকালীন মুখ্যমন্ত্রী ধরম সিংহ। অথচ রাজ্যপালকে দিয়ে বিধানসভা ভবনের শিলান্যাস করেনি বলে জোর সমালোচনাও হয়েছিল। এছাড়াও ছত্তিশগড় বিধানসভার ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন সনিয়া আর রাহুল।

একটি ট্যুইট বার্তায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কংগ্রেসকে আক্রমণ শানিয়ে বলেন, কংগ্রেস কেন দেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে ঘৃণা করে। তাঁর দাবি দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে ক্ষমতা হস্তান্তরের অতীত হিসাবে সোনার ন্যায়দণ্ড সেঙ্গল দিয়েছিল ব্রিটিশ শাসক। তিনি সেটা হাঁটার ছড়ি হিসাবে ব্যবহার করে প্রয়াগরাজের মিউজিয়ামে রেখে দিয়েছিলেন। সেই সত্যকে বিকৃত করতেই কংগ্রেস মানুষকে বিভ্রান্ত করছে। এদিকে কংগ্রেস শুক্রবার কেন্দ্রীয় সরকারের এমন দাবিকে নস্যাৎ করে দিয়ে বলেছেন কোভিড পরবর্তী অর্থনৈতিক সঙ্কটের মুখে কোটি কোটি টাকা খরচ করে এমন সংসদ ভবন নির্মাণ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হঠকারি সিদ্ধান্ত। তিনি বিরোধী দলের সঙ্গে এ বিষয়ে কোনো আলোচনাই করেননি। এদিকে, এদিনই দেশের প্রাক্তন শীর্ষ আমলা আর সেনাবাহিনীর প্রাক্তন আধিকারিক-সহ দেশের হাজার হাজার বুদ্ধিজীবী আজ প্রধানমন্ত্রীর কাছে চিঠি লিখে নতুন সংসদ ভবন উদ্বোধনে তাঁর পাশে দাঁড়িয়েছেন।

নীতি আয়োগে নেই কেজরি, কেসিআর

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: কেন্দ্রের আনা দিল্লির অর্ডিন্যান্স নিয়ে বিজেপি-বিরোধী দলের নেতৃত্বের সমর্থন আদায়ের মধ্যেই এবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখলেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আপ নেতা অরবিন্দ কেজরিওয়াল। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মতোই নয়াদিল্লিতে আসন্ন নীতি আয়োগের বৈঠকে যোগ দিচ্ছেন না কেজরিওয়ালও। একইসঙ্গে নীতি আয়োগের বৈঠকে যাচ্ছেন না তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কেসিআরও। কেজরি না যাওয়ার কথা চিঠি লিখে প্রধানমন্ত্রী মোদীকে জানিয়েছেন-ও। শুক্রবার মোদীকে লেখা চিঠিতে কেজরি জানান, 'মানুষ জিজ্ঞাসা করছে যদি প্রধানমন্ত্রী নিজেই সুপ্রিম কোর্টের আদেশ না মানেন তা'হলে আমরা বিচার চাইতে কোথায় যাব?

নীতি আয়োগের বৈঠক

⬅ ১ পাতার পর

ভট্টাচার্য বলছেন, যে রাজ্যে সরকারের সব সিদ্ধান্তই মুখ্যমন্ত্রী নেন, সেই রাজ্যের প্রতিনিধি হিসাবে মুখ্যমন্ত্রীরই যাওয়া উচিত ছিল। তবে মমতা আগে অভিযোগ করেছিলেন, ওই বৈঠকে তাঁকে বিশেষ কিছু বলার সুযোগ দেওয়া হয় না। তিনি অভিযোগ করেন, আগে যোজনা কমিশনে রাজ্যের কথা বলা যেত। কিন্তু এখন নীতি আয়োগে রাজ্যের কথা বলার কোনো সুযোগ নেই। রাজ্যের নামের আদ্যক্ষর অনুযায়ী বৈঠকে তাঁকে সবার শেষে বলতে দেওয়া হয়। অর্থাৎ পশ্চিমবঙ্গের পালা সবার শেষে আসে তাই শেষ পর্যন্ত তাঁকে অপেক্ষা করতে হয়। কেন্দ্রকে কটাক্ষ করে তিনি বলেছিলেন, 'সবার শেষে সূর্যাস্তের পর আমায় বলতে দেবে।' যদিও রাজনৈতিক মহলের ধারণা, মমতার এবারে দিল্লি যাওয়া বাতিলের পেছনে রাজনৈতিক তাৎপর্য রয়েছে। ২০২৪ সালের লোকসভা ভোটকে পাখির চোখ করে বিজেপি বিরোধী সব দলকে এক জোট করার কাজ শুরু হয়ে গেছে। আর একাজে মুখ্য ভূমিকায় রয়েছেন মমতা স্বয়ং। ফলে এই পরিস্থিতিতে তৃণমূল নেত্রী দিল্লি গেলে জোট প্রক্রিয়া ধাক্কা খেতে পারত বলে মনে করছে রাজনীতির কারবারিরা।

পুরস্কৃত সঞ্জীব, ত্রিদিব, জয়ন্ত

⬅১ পাতার পর

কাব্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্ত স্মৃতি পুরস্কার পান প্রসূন বন্দ্যোপাধ্যায়। কথাসাহিত্যে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় স্মৃতি পুরস্কার পান উল্লাস মল্লিক। শিশুসাহিত্যে সামগ্রিক অবদানের জন্য বিদ্যাসগার স্মৃতি পুরস্কার পান ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী পুরস্কার পান দীপ মুখোপাধ্যায়। তাছাড়াও স্মরণীয় ও বরণীয়দের নামে আরো বিভিন্ন পুরস্কার তুলে দেওয়া হয় অনেকের হাতেই। আকাদেমি, পর্ষদ ও কেন্দ্র প্রবর্তিত পুরস্কার প্রদানের এই অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন তথ্য ও সংস্কৃতি দফতরের রাষ্ট্রমন্ত্রী ইন্দ্রনীল সেন। ভাষণ দেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সভাপতির ভাষণ দেন কবি জয় গোস্বামী। পুরস্কৃতদের হাতে পুরস্কারের সামগ্রী তুলে দেওয়ার জন্য উপস্থিত ছিলেন শিল্পী যোগেন চৌধুরী, কবি সুবোধ সরকার ও নাট্যব্যক্তিত্ব দেবশঙ্কর হালদার-সহ অনেকেই।

ছবি : সুফল ভট্টাচার্য

রাহুল পেলেন ৩ বছরের জন্য

⬅ ১ পাতার পর

সাংসদপদ খারিজ হওয়ার পর ডিপ্লোম্যাটিক পাসপোর্ট সারেন্ডার করে দিতে হয় রাহুলকে। নতুন সাধারণ পাসপোর্টের জন্য ছাড়পত্র চেয়ে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে আবেদন করেন রাহুল। রাহুল বিভিন্ন মামলায় অভিযুক্ত বলে নতুন পাসপোর্টের জন্য আদালতের ছাড়পত্র লাগবে। গত ২৪ মে রাউস অ্যাভিনিউ কোর্ট সুব্রহ্মণ্যম স্বামীকে লিখিতভাবে শুক্রবারের মধ্যে তাঁর বক্তব্য জানাতে বলেছিল।

শুক্রবার মামলার শুনানির সময় সুব্রহ্মণ্যম স্বামী রাহুলের আবেদনের বিরোধিতা করে দাবি করেন, আবেদনের কোনো সারবত্তা নেই। এটা বিশেষ মামলা। পাসপোর্ট ১০ বছরের জন্য নয়, ১ বছরের জন্য ইস্যু করা হোক। প্রত্যেক বছর রিনিউ করা হোক পাসপোর্ট।' রাহুল গান্ধীর ব্রিটিশ নাগরিকত্ব বলেও দাবি করেন সুব্রহ্মণ্যম স্বামী। স্বামীর বক্তব্যকে নস্যাৎ করে রাহুলের আইনজীবী তরন্নুম চীমা জানান, নাগরিকত্ব বিষয় ফৌজদারি পদক্ষেপ চেয়ে যে ২টি আবেদন করা হয়েছে তা উচ্চ আদালত এরমধ্যেই খারিজ করে দিয়েছে। তাই রাহুল গান্ধীকে ১০ বছরের জন্য সাধারণ পাসপোর্টের ছাড়পত্র দেওয়া হোক। উভয় পক্ষের দাবি, পালটা দাবি শোনার পর রাউস অ্যাভিনিউ আদালতের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বৈভব মেহতা জানান, 'আমি আপনার আবেদনের ভিত্তিতে আংশিকভাবে ছাড়পত্র দিচ্ছি। ১০ বছরের জন্য নয়, ৩ বছরের জন্য ছাড়পত্র দেওয়া হচ্ছে।'

জয়েন্টের ফলে প্রথম সাহিল

⬅১ পাতার পর

পাবলিক স্কুলের ছাত্র রক্তিম কুণ্ডু। জয়েন্টে দশম হয়েছেন পূর্ব বর্ধমানের কাটোয়ার হোলি এঞ্জেল স্কুলের ছাত্র শ্রীরাজ চন্দ্র। সাংবাদিক বৈঠকে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডে চেয়ারম্যান মলয়েন্দু সাহা জয়েন্টের কাউন্সেলিংয়ের বিষয় জানান, '৩০ জুনের পর কাউন্সেলিং শুরু হবে। অন্য বছরের মতো ৩টি ধাপে এবারও কাউন্সেলিং প্রক্রিয়া হবে। এবার সার্বিকভাবে কাউন্সেলিং প্রক্রিয়া কিছুটা সরল করা হয়েছে। একটা বই প্রকাশ করা হবে। তাতে যাবতীয় তথ্য থাকবে। কাউন্সেলিংয়ের আগে পড়ুয়ারা ওই বই পড়লে সব তথ্য জানতে পারবেন। কোনো সমস্যা হবে না। কাউন্সেলিংয়ের জন্য আমাদের ৩টি সর্বভারতীয় সংস্থার ওপর নির্ভর করতে হয়। সেগুলি হল— অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন, কাউন্সিল অফ আর্কিটেকচার আর ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়া। ওই ৩টি সংস্থার অ্যাকাডেমিক ক্যালেন্ডার ও সম্প্রতি জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, ৩০ জুনের মধ্যে বিভিন্ন কলেজকে অনুমোদন দেওয়া হবে। অনুমোদন পাওয়ার পর সংশ্লিষ্ট দফতরের কাছে নিজেদের তথ্য পাঠাবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান। সেই তথ্য হাতে পাওয়ার এক সপ্তাহের মধ্যে আমরা কাউন্সেলিং শুরু করব। এবছর জয়েন্ট পরীক্ষার জন্য নাম নথিভুক্ত করেছিলেন ১ লাখ ২৪ হাজার ৯১৯জন পরীক্ষার্থী। কিন্তু পরীক্ষা দিয়েছিলেন মোট ৯৭,৫২৪ জন। পাশ করেছেন ৯৬,৯১৩ জন। পাশের হার ৯৯.৪%। এরমধ্যে ৫১ হাজার ৩৪৫জন উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের অধীনস্থ স্কুলের পড়ুয়া। পাশের হার ৫২.৯৮%। এবছর রাজ্যের ৬৯,৯৮১জন পড়ুয়া পাশ করেছেন, অন্য রাজ্যের ২৭,৩৫৩ জন পড়ুয়া উত্তীর্ণ হয়েছেন। গত ৩০ এপ্রিল রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা হয় ২টি পত্রে। প্রথম পত্রে গণিত, দ্বিতীয়পত্রে পদার্থবিদ্যা আর রসায়নের পরীক্ষা হয়। মোট ৩০৬টি কেন্দ্রে পরীক্ষা হয়। এরমধ্যে রাজ্যে ছিল ৩০৩টি পরীক্ষাকেন্দ্র, একটি অসমে আর ২টি পরীক্ষাকেন্দ্র ছিল ত্রিপুরায়। পরীক্ষা শেষ হওয়ার ২৬ দিনের মাথায় ফল বেরোল। মেধাতালিকায় আইসিএসই বোর্ডের ১ জন, সিবিএসই বোর্ডের ৬ জন আর উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের ৩ জন পড়ুয়া জায়গা করে নিয়েছেন।

এবারই প্রথম রোমিং অবজার্ভারদের রেডিও ফ্রিকোয়েন্সি ডিটেক্টর দেওয়া হয়েছিল। এছাড়া প্রত্যেক পরীক্ষাকেন্দ্রে হাতে নেওয়া যায় এমন মেটাল ডিটেক্টর ব্যবহার করা হয়েছিল। একটি অ্যাপও ব্যবহার করা হয়েছিল। যেটির মাধ্যমে সেন্টার ইনচার্জদের সঙ্গে রিয়েল টাইম যোগাযোগ রেখেছিল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। বুকলেট আর ওএমআর শিটেও বদল আনা হয়েছিল। আড়াইটের সময় আনুষ্ঠানিকভাবে পরীক্ষার ফল ঘোষণা হলেও বিকেল ৪টে থেকে পরীক্ষার্থীরা 'www.wb-jeeb. nic.in' আর 'www.wb-jeeb.in' ওয়েবসাইট মারফত রেজাল্ট ডাউনলোড করতে পারেন। তবে একটা সময় দীর্ঘক্ষণের জন্য একেবারে ডাউন হয়ে যায় ২টি ওয়েবসাইটই। কোনো লিঙ্কই খুলছিল না। তাই নিজেদের ফল দেখতে গিয়ে অসুবিধায় পড়েছিলেন পরীক্ষার্থীরা।

অভিষেকের আর্জি খারিজ শীর্ষ

⬅ ১ পাতার পর

বদলে দেওয়ার পরেও কেন আপনারা সুপ্রিম কোর্টে এসেছেন? উত্তরে সিংভি বলেন, হাই কোর্টের নতুন বেঞ্চ শুধু সিদ্ধান্ত পুনর্বিবেচনার বিষয়টি খারিজ করে দেয়নি, বিচারপতি অমৃতা সিনহা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ওপর ২৫ লাখ টাকার জরিমানাও করেছেন। কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল এম ভি রাজু সওয়াল জবাবে বলেন, সুপ্রিম কোর্টের আদেশে এই মামলায় হাই কোর্টের এজলাস বদল হলেও বিচারপতি গঙ্গোপাধ্যায়ের রায়ই বহাল রেখেছেন নতুন বেঞ্চের বিচারপতি অমৃতা সিনহা। দু'পক্ষের সওয়াল-জবাব শোনার পর শীর্ষ আদালত অভিষেক বন্দ্যোপাধ্যায়কে কিছুটা স্বস্তি দিয়ে হাই কোর্টের ২৫ লাখ টাকা জরিমানা দেওয়ার আদেশের ওপর স্থগিতাদেশ দেন। অবকাশকালীন বেঞ্চের ২ বিচারপতি জে কে মাহেশ্বরী ও বিচারপতি পি এস নরসিমহা বলেন, হাই কোর্টের আদেশের ওপর তাঁরা আপাতত কোনো হস্তক্ষেপ করছেন না। ফের এই মামলার শুনানি ১০ জুলাই হবে বলে জানিয়ে দেন তাঁরা। অর্থাৎ শুক্রবার এমন আদেশের পর কুন্তল ঘোষের চিঠির মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদ করার আর কোনো বাধা রইল না। অন্যদিকে, অভিষেককে বাঁচাতে রাজ্য সরকারের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে একটি মামলা রুজু করার কথা আজ জানিয়েছেন আইনজীবী কপিল সিব্বল। শীর্ষ আদালত মামলাটি গ্রহণ করার অনুমতি দিলেও মামলার বিষয় সম্পর্কে কিছু জানা যায়নি।

৭৫ টাকার কয়েন কেন্দ্রের

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: কাল, রবিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাত ধরে উদ্বোধন হবে নয়া সংসদ ভবনের। বিজ্ঞপ্তি জারি করে কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানিয়েছে, নয়া সংসদ ভবনের উদ্বোধনকে স্মরণীয় করে রাখতে ৭৫ টাকার বিশেষ কয়েন আনছে কেন্দ্র। স্মারক মুদ্রাটি ভারতের স্বাধীনতার ৭৫তম বার্ষিকী উদযাপনের জন্যও একটি শ্রদ্ধার্ঘ্য হিসাবে বিবেচিত হবে।

যুদ্ধজাহাজে

⬅১ পাতার পর

লাগানো আছে যা রাতেও কাজ করতে পারে। যে কোনো পরিবেশ ও আবহাওয়ায় নির্ভুল লক্ষ্যে টার্গেটে আঘাতও করতে পারে। প্রকৃত নিয়ন্ত্রণরেখার লাদাখ সীমান্তের গালওয়ান ও গোগরা হটস্প্রিংয়ের মতো এলাকায় রাতেও কড়া নজরদারি রাখতে পারবে মিগ-২৯। লে'র বায়ুসেনার ঘাঁটি থেকে খুব দ্রুত নিয়ন্ত্রণ এলাকায় চলেও আসতে পারবে।

Bhadura Haridas Gram Panchayat
Diamond Harbour-II Dev. Block, Vill.- Pana, P.O- Panarhat
E-mail: pradhan.bharidas@gmail.com
1. Tender no's: 03/15th F.C (Tied)/2023-24
Memo No:- 177/BHGP/2023-24,
Dt:- 26/05/2023
Tender ID :- 2023_ZPHD_535057 (Tied) from 1 to 3
2. Tender no's: 04/15th F.C (Untied)/2023-24
Memo No:- 178/BHGP/2023-24,
Dt:- 26/05/2023
Tender ID :- 2023_ZPHD_522304 from 1 to 4
has been invited. Contact the office of the u/s and visit www.wbtenders.gov.in for details.
Last date of application is 07/06/2023 up to 2.00 P.M.
Sd/-
Pradhan
Bhadura-Haridas GP
D.H-II, 24 Pgs(S)

OFFICE OF THE COUNCILLORS NAIHATI, NAIHATI MUNICIPALITY
1, R. B. C. ROAD, NAIHATI, NORTH 24 PARGANAS
TENDER
NIT(e)/MAY-05/2023-24
Memo No. : 933/MC-11
Date: 26.05.2023
Online Tenders are invited by the Chairman on behalf of the Naihati Municipality through electronic tendering (e-tendering) for the following listed works from eligible and resourceful Companies/ Firms/ Contractors having sufficient credential and financial capability for execution of 4 nos. works as depicted hereunder for participating in the tender. **Bid submission start date(online)**-27.05.2023 after 9:30 Hrs..**Bid Submission closing (online)**- 03.06.2023 after 17:00 Hrs..**Bid opening date for Technical Proposals (online)**- 06.06.2023 after 10:00 Hrs.. **WB Govt. e-tender website must be followed.**
Sd/-
Chairman,
Naihati Municipality

OFFICE OF THE COUNCILLORS NAIHATI, NAIHATI MUNICIPALITY
1, R. B. C. ROAD, NAIHATI, NORTH 24 PARGANAS
TENDER
NIT(e)/MAY-06/2023-24
Memo No. : 934/MC-11
Date: 26.05.2023
Online Tenders are invited by the Chairman on behalf of the Naihati Municipality through electronic tendering (e-tendering) for the following listed works from eligible and resourceful Companies/ Firms/ Contractors having sufficient credential and financial capability for execution of 3 nos. works as depicted hereunder for participating in the tender.**Bid submission start date(online)**-27.05.2023 after 9:30 Hrs..**Bid Submission closing (online)**- 03.06.2023 after 17:00 Hrs..**Bid opening date for Technical Proposals (online)**- 06.06.2023 after 10:00 Hrs.. **WB Govt. e-tender website must be followed.**
Sd/-
Chairman,
Naihati Municipality

হিমাদ্রি ক্রেডিট অ্যান্ড ফিনান্স লিমিটেড
(CIN NO : L65921WB1994PLC062875)
রেজিস্টার্ড অফিস : ২৩এ, নেতাজী সুভাষ রোড, অষ্টম তল, কলকাতা - ৭০০০০১
ই-মেল : hcfl@himadri.com, ওয়েবসাইট : www.himadricredit.in, ফোন : ০৩৩ ২২৩০ ৪৩৬৩ / ৯৯৫৩
৩১ মার্চ, ২০২৩ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ
(লাখ টাকায়)

ক্র. নং	বিবরণ	সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর	
		৩১.০৩.২০২৩	৩১.১২.২০২২	৩১.০৩.২০২২	৩১.০৩.২০২৩	৩১.০৩.২০২২
		(নিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১.	মোট আয়	৫৪.১২	৫৩.৮০	৫৪.৭১	২১১.৫৭	২২৪.১৪
২.	এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং ঊ অথবা অতিরিক্ত দফার পর)	৪৭.২৩	৪৬.৭৭	৪০.৮৭	১৭৩.৬৮	১৬৫.৬৭
৩.	করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং ঊ অথবা অতিরিক্ত দফার আগে)	৩৩.৩০	৩৩.৭৫	৩০.৫৮	১৩৪.৭৩	১৩২.৪৩
৪.	করের পর এই পর্বের প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং ঊ অথবা অতিরিক্ত দফার পর)	৩৩.৩০	৩৩.৭৫	৩০.৫৮	১৩৪.৭৩	১৩২.৪৩
৫.	এই পর্বের / বছরের মোট বিস্তৃত আয় (করের পর প্রকৃত লাভ ও অন্যান্য বিস্তৃত আয় ধরে)	(১৬৮.৭৩)	৫৩.৬৭	৪৬৭.১৫	২৫৬.০